উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

স্মারক নং-০৫.৪৫.৬১৯৪.০১৭.০৫.০০১.২৩-২১

তারিখ ঃ ০৩/০১/২০২৩ খ্রিঃ

সভার নোটিশ

আগামী ১২ ই জানুয়ারি ২০২৩ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার, সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা উপজেলা পরিষদের সভাকক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ আবদুল মতিন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ। উপজেলা পরিষদের সকল সদস্য ও উপজেলার সরকারি বিভাগীয় প্রধানগণকে নির্ধারিত সময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, স্ব-স্ব বিভাগের সভার কার্যবিবরণী জনাব নাঈমা হক, সি.এ উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ এর নিকট জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্য সূচী ঃ

(ক) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

(খ) গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা।

(গ) বিভিন্ন বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা।

(ঘ) বিবিধ।

১। উপজেলা ............................................অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
২। চেয়ারম্যান, ................................ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

(মোঃ আক্তারুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ।

বিতরণ ঃ সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে ঃ

১. আলহাজ্ব হাফেজ মাওলানা রুহুল আমিন মাদানী, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫২ ময়মনসিংহ-৭, ত্রিশাল, ময়মনসিংহ।
২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ।
৩. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৫. মেয়র, ত্রিশাল পৌরসভা।
৬. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৭. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৮. অফিস কপি।

উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।
ত্রিশাল উপজেলা পরিষদ এর জানুয়ারি/২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ আবদুল মতিন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ : ১২/০১/২০২৩ খ্রি.
সময় : বেলা ১১:০০ ঘটিকা।

উপস্থিত সদস্য : পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভার কাজ শুরু করেন। তিনি সভায় আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ আক্তারুজ্জামান সম্মানিত সদস্যগণকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে গত ২২/১২/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করেন। পঠিত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

অত:পর আলোচ্যসূচির ক্রমধারা অনুযায়ী বিভাগীয় কর্মকর্তাগণকে তাঁদের বিভাগীয় কার্যাবলী এবং অগ্রগতি উপস্থাপন করার জন্য অনুরোধ জানানো হয় এবং আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | এল.জি.ই.ডি :<br>উপজেলা প্রকৌশলী অত্র মাসিক সাধারণ সভার সম্মানিত সভাপতিসহ সকল সদস্যকে শুভেচ্ছা ও সালাম জানিয়ে অবহিত করেন যে, এলজিইডি বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। এছাড়াও তিনি জানান যে,তার দপ্তরের আওতায় অত্র উপজেলায় MRRIDP,IRIDP-3 সহ অন্যান্য প্রকল্পের মাধ্যমে টেন্ডারকৃত স্কীমের কাজ আরম্ভ হয়েও দ্রব্যমূল্যের উর্ধ্বগতি ও মালামালের অপ্রতুলতার কারনে বাস্তবায়নযোগ্য স্কীমের অগ্রগতি কিছুটা স্থবির রয়েছে। অত্র দপ্তরসহ নির্বাহী প্রকৌশলীর দপ্তর থেকে অগ্রগতি ত্বরান্বিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে যাচ্ছেন। এ বিষয়ে সম্মানিত জনপ্রতিনিধিগণকে ধৈর্যধারনসহ তাকে সহযোগীতার আহ্বান জানিয়েছেন। উপজেলা পরিষদ কার্যালয়ে ২০২১-২২ অর্থ বছরে এডিপি এর মাধ্যমে নির্মিত ওয়াশ ব্লকটিকে জনগণের ব্যবহারের জন্য এবং সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য লীজ প্রদানের ব্যবস্থা গ্রহনের জন্য প্রস্তাব করেন। | এডিপি এর মাধ্যমে নির্মিত ওয়াশ ব্লকটিকে জনগণের ব্যবহারের জন্য এবং সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য লীজ প্রদানের এবং উপজেলা পরিষদ সম্প্রসারিত ভবন নির্মান করার জন্য গাছ কর্তণ ও উপজেলা ডিজিটাল সেন্টার অপসারনের জন্য নিলাম প্রক্রিয়া গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, ত্রিশাল, ময়মনসিংহ। |
| | উপজেলা পরিষদ সম্প্রসারিত ভবন নির্মান করার জন্য গাছ কর্তণ ও উপজেলা ডিজিটাল সেন্টার অপসারনের জন্য নিলাম প্রক্রিয়া গ্রহণের জন্য অনুরোধ জানান।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা ডিজিটাল সেন্টারের কার্যক্রম সচল রাখার জন্য পরবর্তী ব্যবস্থা গ্রহণ না করা পর্যন্ত উক্ত ভবনের সমস্ত মালামাল আপাতত পেনশনার বিশ্রাম কক্ষে স্থানান্তর করার জন্য এবং কাজ চলমান রাখার জন্য সভায় প্রস্তাব করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে উপজেলা ডিজিটাল সেন্টারের কার্যক্রম সচল রাখার জন্য পরবর্তী ব্যবস্থা গ্রহণ না করা পর্যন্ত উক্ত ভবনের সমস্ত মালামাল আপাতত পেনশনার বিশ্রাম কক্ষে স্থানান্তর করার এবং কাজ চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| | | | |
|---|---|---|---|
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ :<br>উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা সভায় জানান যে, মাসিক সাধারণ সভার সিদ্ধান্ত অনুযায়ী ০৪ জন আনসার নিয়োগের জন্য আবেদন করা হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৩ | উপজেলা কৃষি বিভাগ :<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, জানুয়ারি মাসে ইউরিয়া ও নন-ইউরিয়া সারের পর্যাপ্ত মজুদ আছে। আমাদের মনিটরিং অব্যহত আছে। বোরো রোপন চালু আছে। খুচরা সার ডিলারদের পুনঃ তদন্তের জন্য ৭ কার্যদিবস ধার্য করা হয়েছে। সেই অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু এবং স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা কৃষি বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৪ | উপজেলা মৎস্য বিভাগ :<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মৎস্য খাদ্য ও পশুখাদ্য আইন/২০১০ অনুযায়ী মাছের খাবারের বস্তার গায়ে (বিভিন্ন কোম্পানির) উৎপাদন তারিখ, মেয়াদ উত্তীর্ণের তারিখ, লাইসেন্স নম্বর এবং ব্যাচ/লট নম্বর লিখার বিধান আছে। সকল মাছ চাষী ভাইদের উল্লেখিত শর্ত না মানলে মাছের খাবার ব্যবহার থেকে বিরত থাকার জন্য অনুরোধ করা হলো। এ ব্যপারে উপজেলা নির্বাহী অফিসার এর সহযোগীতা কামনা করছি। মাছ চাষে এন্টিবায়োটিক ব্যবহার থেকে বিরত থাকার জন্য চেয়ারম্যানবৃন্দের মাধ্যমে সকল মাছচাষী ভাইদের অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ :<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বিভাগীয় কাজে জেলাতে থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ০৬ | উপজেলা সমাজসেবা বিভাগ ঃ<br>উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, সমাজসেবা বিভাগের সামাজিক নিরাপত্তা কর্মসূচীসহ অন্যান্য সকল কার্যক্রম যথারিতি চলছে। ইতোমধ্যে সকল ভাতাভোগীদের ২য় কিস্তির (অক্টোবর-ডিসেম্বর) পেরোল পাঠানো হয়েছে। আশা করছি আগামী ১৫ দিনের মধ্যে ভাতার টাকা স্ব স্ব মোবাইলের নগদ হিসাবে চলে যাবে। | উপজেলা সমাজসেবা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ত্রিশাল,ময়মনসিংহ। |
| ০৭ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ :<br>উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, ডিসেম্বর মাসের ৩০ তারিখে প্রাথমিক বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হয় এবং ০১ জানুয়ারি ২০২৩ খ্রিঃ তারিখে সারা দেশের ন্যায় ত্রিশাল উপজেলাতেও বই উৎসব পালিত হয়। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার শীতকালীন ক্রীড়া প্রতিযোগীতার কারনে অন্যত্র থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ০৯ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র সমূহ হতে নিয়মিত সাধারণ রোগী, গর্ভবতী ও প্রসূতি মায়ের সেবা ও শিশু রোগীদের চিকিৎসা প্রদান করা হচ্ছে। উপজেলা কার্যালয় হতে নিয়মিত পরিবার কল্যাণ সেবা প্রদান করা হচ্ছে। বিভাগীয় অনান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |

| | | | |
|---|---|---|---|
| ১০ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ :<br>উপজেলা দুর্যোগ ব্যাবস্থাপনা বিভাগের আওতায় ২০২২-২৩ অর্থ বছরের ১ম পর্যায়ের TR/FFW (কাবিখা/কাবিটা) এর কাজ ইতিমধ্যে শেষ হয়েছে। দ্বিতীয় পর্যায়ে কাবিখা বাস্তবায়নের জন্য ত্রিশাল উপজেলায় সর্বমোট ৪৩.৯৭৩৯ মে.টন চাল এবং ৮৭.৯৪৭৯ মে.টন গম বরাদ্দ পাওয়া গিয়েছে। আয়তন/জনসংখ্যা অনুযায়ী বিভাজন করে অতিদ্রুত বরাদ্দ ইউনিয়নে পৌঁছে দেওয়া হবে। বরাদ্দ পেলে অতিদ্রুত প্রকল্প জমা দেওয়ার জন্য ইউনিয়ন চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হলো। EGPP এর কাজ গত ২৬/১১/২০২২ ইং তারিখ থেকে শুরু হয়ে অদ্যাবধি চলমান রয়েছে । কাজ পরিদর্শনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১১ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :<br>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। মানব সম্পদ উন্নয়ন প্রকল্পের মাধ্যমে পাইপ লাইনের মাধ্যমে ৩০/৪০ বাড়ীতে পানি সরবরাহ কাজের ঠিকাদার নিয়োগ হয়েছে। আশা করছি খুব দ্রুত কাজ শুরু হবে। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী,জনস্বাস্থ্য , ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ ঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিভাগীয় কাজে জেলাতে থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ১৩ | উপজেলা সমবায় বিভাগ<br>উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, অত্র উপজেলায় পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি ০৪ (চার) টি দীর্ঘদিন যাবৎ অকার্যকর হিসেবে সমবায় দপ্তর অডিট করে আসছে। বিগত দিনের অডিট নোট পর্যালোচনায় অডিট নোটে তাদের কোন সরকারি সম্পদের হিসাব প্রদর্শিত নেই। সমবায় সমিতি আইন ও বিধিমালা মোতাবেক সমিতি সমূহ বাতিল করার জন্য কোন বাধা নেই। সমিতি সমূহকে বিধি মোতাবেক পুনঃরায় নোটিশ করার মাধ্যমে কমিটি গঠন সহ কার্যকর করার কার্যক্রম গ্রহন না করলে সমিতি সমূহের নিবন্ধন বাতিলের প্রক্রিয়া শুরু করা হবে। দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | আলোচনান্তে সমিতি সমূহকে বিধি মোতাবেক পুনঃরায় নোটিশ করার মাধ্যমে কমিটি গঠন সহ কার্যকর করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৪ | উপজেলা বন বিভাগ :<br>উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে নিলামে গাছ কাটা হলে যেন তার সাথে পরামর্শ করে কাটা হয়। | উপজেলা বন বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ :<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র বিভাগের সকল কার্যক্রম যথারিতী চলমান আছে। গত ২৯/১২/২০২২ ইং তারিখ অপ্রাতিষ্ঠানিক ঋণের আওতায় ২৮ জনকে ১১,৪০,০০০/- (এগার লক্ষ চল্লিশ হাজার) টাকা যুব ঋণ প্রদান করা হয়েছে। | উপজেলা যুব উন্নয়ন বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর কার্যক্রম উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশক্রমে স্বাভাবিক গতিতে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |

| | | | |
|---|---|---|---|
| ১৭ | ইউজিডিপি ঃ<br>ইউডিএফ সভাপতির অনুমোতি সাপেক্ষে সভায় জানান যে, ইউজিডিপি প্রকল্পের ৫ম রাউন্ডের একটি অবকাঠামো উপ-প্রকল্প বাতিল হওয়ার কারনে তদস্থলে ত্রিশাল উপজেলায় ২২টি মাধ্যমিক বিদ্যালয়ে ০১ টি করে স্মার্ট টিভি বিতরণমূলক একটি অবকাঠামো উপ-প্রকল্প ইউজিডিপি প্রধান কার্যালয় হতে অনুমোদিত হয়। এ উপ-প্রকল্পটির টেন্ডার প্রদান প্রক্রিয়া চলমান রয়েছে। প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত অনুমোদন পত্রে স্পষ্ট উল্লেখ আছে আগামী ৩১ জানুয়ারির মধ্যে উপ-প্রকল্পের চূড়ান্ত বিল ভাউচার ইউজিডিপি প্রধান কার্যালয়ে পৌঁছাতে হবে। সে কারনে সময়ের বিষয়টি অতন্ত্য গুরুত্বের সাথে বিবেচনা করার জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি। | আগামী ৩১ জানুয়ারির মধ্যে উপ-প্রকল্পের চূড়ান্ত বিল ভাউচার ইউজিডিপি প্রধান কার্যালয়ে পৌঁছানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার,<br>ত্রিশাল, ময়মনসিংহ।<br><br>উপজেলা প্রকৌশলী,<br>ত্রিশাল, ময়মনসিংহ।<br>ও<br>ইউ ডি এফ<br>ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৮ | বিবিধ ঃ<br>উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সভায় জানান যে, ৪র্থ পর্যায়ে ৩৩ টি গৃহ প্রদানের মাধ্যমে ত্রিশাল উপজেলাকে ভূমিহীন ও গৃহহীন মুক্ত ঘোষণা করা হবে। এছাড়া মুজিববর্ষের ১৮ টি স্পটের সাথে যোগাযোগ ব্যবস্থা সুন্দর করার জন্য যথাযথ তথ্য জেলাতে পাঠানো হয়েছে। এটি বাস্তবায়িত হলে কাজটি দৃষ্টিনন্দন হবে। | ত্রিশাল উপজেলাকে ভূমিহীন ও গৃহহীন মুক্ত ঘোষণা করার জন্য সংশ্লিষ্ট সকলে একমত পোষন করেন। | উপজেলা নির্বাহী অফিসার,<br>ত্রিশাল, ময়মনসিংহ। |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে আগামী দিনগুলিতে নিজ নিজ দায়িত্ব সঠিকভাবে পালন করে ত্রিশাল উপজেলার উন্নয়নে সহযোগিতা করার অনুরোধ জানান। অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি আবারও সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আবদুল মতিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ

স্মারক নং-০৫.৪৫.৬১৯৪.০১৭.০৬.০০২.২০২৩-

তারিখ : ১২/০১/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো :

১। আলহাজ্ব হাফেজ মাওলানা রুহুল আমিন মাদানী, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫২ ময়মনসিংহ-৭, ত্রিশাল, ময়মনসিংহ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ।
৪। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, ময়মনসিংহ।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৮। উপজেলা ------------------------------- অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
৯। চেয়ারম্যান ----------------------- ইউনিয়ন পরিষদ (সকল), ত্রিশাল, ময়মনসিংহ।

(মোঃ আক্তারুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ।